# ২১-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে বাপেক্সের ৮ম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

আলোচ্যসূচী-১ : গত ১৮-১২-২০১৯ তারিখে অনুষ্ঠিত ৭ম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
আলোচ্যসূচী-২ : গত ১৮-১২-২০১৯ তারিখে অনুষ্ঠিত ৭ম মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি।

| ক্র: নং | বিষয় | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|
| ১.০ | অকেজো ও ব্যবহার অনুপোযোগী গাড়ীসমূহের নিলাম | আঞ্চলিক কার্যালয়, চট্রগ্রাম; ফেঞ্চুগঞ্জ, মাধবপুর ও শাহবাজপুরসহ অন্যান্য স্থাপনায় অকেজো ও ব্যবহার অনুপোযোগী গাড়ীসমূহ নিলামে বিক্রয়ের লক্ষ্যে পরবর্তী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ২.০ | রূপকল্প-১ খনন প্রকল্প | প্রকল্পের অনুমোদিত মেয়াদ জুন, ২০২০ এর মধ্যে প্রকল্পের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক (রূপকল্প-১) |
| ৩.০ | রূপকল্প-২ খনন প্রকল্প | প্রকল্পের যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক (রূপকল্প-২) |
| ৪.০ | রূপকল্প-৩ খনন প্রকল্প | কসবা-১ খনন কূপের জন্য খরচকৃত ১২৭০.৭৫ লক্ষ টাকার ব্যয়ের বিপরীতে অবশিষ্ট বিল পরিশোধের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক (রূপকল্প-৩),মহাব্যবস্থাপক (প্রশাসন এবং হিসাব ও অর্থ) |
| ৫.০ | রূপকল্প-৯: ২ডি সাইসমিক প্রকল্প | পেট্রোবাংলার বোর্ড কর্তৃক সুপারিশকৃত RDPPটি প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য যথাযথভাবে তদারকি করতে হবে। | প্রকল্প পরিচালক (রূপকল্প-৯ |
| ৬.০ | ৩ডি সাইসমিক সার্ভে অব বাপেক্স | ৩১ জানুয়ারি, ২০২০ তারিখের মধ্যে পিসিআর প্রস্তুতপূর্বক পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক (৩ডি সাইসমিক) |
| ৭.০ | ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ১৫ ও ২২ | ৩,০০০ লাইন কি. মি. ২ডি সাইসমিক সার্ভের জন্য প্রস্তুতকৃত DPPটি জিডিএফ প্রকল্প বাছাই কমিটি, পেট্রোবাংলা কর্তৃক সুপারিশ পাওয়া গেলে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য যথাযথভাবে তদারকি করতে হবে। | জনাব মোহাঃ মইনুল হোসেন, উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৮.০ | মাদারগঞ্জ-১ ও বেগমগঞ্জ-৪ খনন প্রকল্প | মাদারগঞ্জ-১ ও বেগমগঞ্জ-৪ কূপ খননের জন্য ডিপিপি প্রস্তুতপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য যথাযথ কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও প্রকল্প ব্যবস্থাপক |
| ৯.০ | আঞ্চলিক কার্যালয়, চট্রগ্রাম এর অফিস ভবন সংস্কার ও মোডিফিকেশন | আঞ্চলিক কার্যালয়, চট্রগ্রাম এর অফিস ভবন সংস্কার ও মোডিফিকেশনের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১০.০ | স্টোর ইনভেন্টরী সংক্রান্ত | কোম্পানীর সম্পদ ও পরিসম্পদ এর Physical Inventory আগামী ০৭ কর্ম দিবসের মধ্যে সম্পন্ন করার জন্য বিভিন্ন স্থাপনায় কর্মরত ভান্ডার কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করতে হবে। অতঃপর Physical Inventory সমাপ্ত করে এতদসংক্রান্ত একটি কার্যপত্র বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (আইসিটি) |
| ১১.০ | ই-নথি সংক্রান্ত | ই-নথি ব্যবস্থাপনায় যেসব ডাক এবং নথি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে, সেগুলো ২৬-০১-২০২০ তারিখের মধ্যে নিষ্পন্ন করতে হবে। | পরিকল্পনা বিভাগ (আইসিটি উপবিভাগ) |
| ১২.০ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি ও নিষ্পত্তি বিষয়ক কার্যপত্র বাপেক্স পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ১৩.০ | রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমি রেজিস্ট্রিকরণ | ২৯ ফেব্রুয়ারি, ২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্যাদি সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| | | | |
|---|---|---|---|
| ১৪.০ | বাপেক্স ভবন-এর জমি রেজিস্ট্রেশন | পেট্রোবাংলার দাবীকৃত অর্থের সাথে বাপেক্স পরিচালনা পর্ষদ সভার অনুমোদিত অর্থের ভিন্নতা থাকায় তা সমন্বয় করে প্রমানকসহ পরবর্তী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন ও নির্মাণ) |
| ১৫.০ | কমপ্রেসর ও প্রসেস প্লান্ট ক্রয় | কমপ্রেসর ও প্রসেস প্লান্ট ক্রয়ের লক্ষ্যে প্রস্তুতকৃত DPPটি জিডিএফ প্রকল্প বাছাই কমিটি, পেট্রোবাংলা কর্তৃক সুপারিশ পাওয়া গেলে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য যথাযথভাবে তদারকি করতে হবে। | মহাব্যবস্থাপক (উৎপাদন) ও সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপক |
| ১৬.০ | সালদা নর্থ এর গোডাউন স্থানান্তর | সালদা নর্থ এ স্থাপিত গোডাউনটি বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রে দ্রুত স্থানান্তর করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রকৌশল, খনন ও নির্মাণ) |
| ১৭.০ | সালদা-৩, ৪ এবং ফেঞ্চুগঞ্জ-৪, ৫ গ্যাসক্ষেত্র উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৪টি প্রসেস প্লান্টের MRR না হওয়া সংক্রান্ত | সালদা-৩, ৪ এবং ফেঞ্চুগঞ্জ-৪, ৫ গ্যাসক্ষেত্র উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৪টি প্রসেস প্লান্টের MRR না হওয়া সংক্রান্ত বিষয়টি যথাযথ পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে প্রশাসন বিভাগ হতে একটি কমিটি গঠনের মাধ্যমে দ্রুত নিস্পত্তি করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন এবং হিসাব ও অর্থ) |
| ১৮.০ | Depreciation Fund গঠন | Depreciation Fund গঠনের জন্য RFQ পদ্ধতিতে উপযুক্ত একটি প্রতিষ্ঠান নিয়োগের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন এবং হিসাব ও অর্থ) |
| ১৯.০ | বিজিএফসিএল কর্তৃক প্রেরিত স্বব্যাখ্যায়িত পত্র সংক্রান্ত | বিজিএফসিএল কর্তৃক প্রেরিত স্বব্যাখ্যায়িত পত্রের বিষয়টি নিস্পত্তির জন্য উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পর্যায়ের প্রশাসন, কারিগরী এবং হিসাব ও অর্থ বিভাগের কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে। | মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস, প্রশাসন এবং হিসাব ও অর্থ) |
| ২০.০ | শাহবাজপুর-৩ ওয়ার্কওভার | শাহবাজপুর-৩ কূপটি ১৫ ফেব্রুয়ারি, ২০২০ এর মধ্যে Kill করতে হবে এবং বাপেক্সের নিজস্ব অর্থায়নে উক্ত কূপের ওয়ার্কওভার কার্যক্রম জুন, ২০২০ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস এবং খনন) |
| ২১.০ | নির্ধারিত সময়ে অফিসে আগমন ও প্রস্থান | বাপেক্সের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে সরকারি নির্দেশনা অনুযায়ী সকাল ৯:০০ ঘটিকায় অফিসে আগমন এবং বিকাল ৫:০০ ঘটিকার পর প্রস্থান করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ২২.০ | মুজিববর্ষ ২০২০ ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন | মুজিববর্ষ ২০২০ ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি গঠন করতে হবে এবং অবিলম্বে ব্যানার ও TV Screen স্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (আইসিটি) |
| ২৩.০ | ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা | বাপেক্সের নিজস্ব অর্থায়নে স্বল্প গভীরতায় ৩-৪টি উন্নয়ন কূপ খনন করার জন্য পরবর্তী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | পরিচালক (অপারেশন), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| ২৪.০ | জনবল নিয়োগ | ক্যাটাগরী অনুযায়ী শূণ্য পদের বিপরীতে জনবল নিয়োগের জন্য আগামী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.১.২০২০

(মীর মোঃ আব্দুল হান্নান)
ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তিঃ কর্মকর্তাদের উপস্থিতির হাজিরা প্রতিবেদন।

বিতরণঃ

১। পরিচালক/ মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক ........................................ বাপেক্স, ঢাকা।

অনুলিপিঃ

১। উপব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা, ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা।
২। অফিস কপি।